২০১৫-২০১৬	১৯ টি	(Rome, barlin, Washington DC, Zakarta, New York, Canbera, Dablin, Riyadh, London, Kunmin, Mumbai, Rabat, Zurich, Cairo, London,Oslow, Dubai, jakarta, London)	৩,৮৬,৮২,১৫২
২০১৬-২০১৭	১১ টি	(Paris, Los Angles, Mumbai, New York, Kuwait City, Dubai, Boston, Rome, Rome, Sandiego, Glosgow)	৩,৯১,৭০,৩৭১
২০১৭-২০১৮	২০ টি	(Brasilia, Bangkok, Kuala lampur, New York, Dili, New York, Amsterdam, London, Mumbai, Zurich, Mumbai, Tokiyo, Paris, Dubai, Paris, Genva, Barlin, New York, Dubai, Paris)	৪,৭৫,২৫,৯২০
২০১৮-২০১৯	১৫ টি	(Glosgow, Kolkata, New York, Paris, Rome, New York, Delhi, Kolkata, Torrento, Jeddah, Sydney, Delhi, New York, Kolkata, Cochin)	২,৮৮,৪২,১১৬
২০১৯-২০২০	১৪ টি	Washington DC, Kuala lampur, Paris, Hongkong, Frankfurt, Tokiyo, New York, Bangkok, Dubai, Mannila, New York, Astana,Dalas, Bangkok,	৩,৪০,২৯,৭৯৯
২০২০-২০২১	১৩ টি	Guangzhu, Singapore, Kankun, Delhi, Los Angels, Rome, Barlin, Guangzhu, Mumbai, Geneva, Riyadh, Dubai, The HAgue,	৪,০১,০০,৭০৮
২০-০৩-২০থেকে ২৪-১১-২২	৮ টি	Kuala lampur, Barlin, Sydney, bangkok, Sharjah, New york, Millan, Kuala lampur	৭৭,৯৮,৭৭৩

ডঃ মুহাম্মদ ইউনূসের ব্যক্তিগত ব্যাংক একাউন্টে আগত রেমিট্যান্স বিশ্লেষণ

মন্তব্যঃ

- ডঃ ইউনুসকে রেমিটেন্স প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ যথাযথ প্রক্রিয়ায় উক্ত রেমিট্যান্স প্রদান করেছেন কিনা, তাদের অর্থ প্রেরণের উদ্দেশ্য, ডঃ ইউনুসকে কেন এই অর্থ প্রদান করা হয়েছে, ডঃ মুহাম্মদ ইউনুসের বিদেশে কোন ব্যাংক একাউন্ট ও পরিসম্পদ রয়েছে কিনা তা জানার জন্য দুদক বাংলাদেশে ব্যাংকের ফিনান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে চিঠি দিয়েছে।
- ডঃ মুহাম্মদ ইউনুসের ট্যাক্স ফাইল এবং ব্যাংক হিসাবের রেমিট্যান্সের পার্থক্য সংক্রান্ত বিষয়ে এবং এক্ষেত্রে কোন অনিয়ম সংঘটিত হয়েছে কিনা তা তদান্তাধীন রয়েছে।



দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা।
[দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং দুর্নীতি দমন কমিশন বিধিমালা-২০০৭]

স্মারক নং ০০.০১.০০০০.৫০২.০১.০২৬.২২. তারিখ: ০৭/০২/২০২৩ খ্রিঃ

প্রাপক: প্রধান কর্মকর্তা
বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ),
বাংলাদেশ ব্যাংক,
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

মাধ্যম: পরিচালক (মানিলন্ডারিং), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়: সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে সংশ্লিষ্ট রেকর্ডপত্র সরবরাহকরণ প্রসঙ্গে।

সূত্র: দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার নথি নং: ০০.০১.০০০০.৫০২.০১.০২৬.২২.

এতদ্বারা জানানো যাচ্ছে যে, সূত্রস্থ নথির অভিযোগ অনুসন্ধানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নিম্নস্বাক্ষরকারীকে অনুসন্ধানকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।

অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ: গ্রামীণ টেলিকম কোম্পানির পরিচালনা পর্ষদের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ।

সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে নিম্নবর্ণিত রেকর্ডপত্র/তথ্যাদি পর্যালোচনা করা প্রয়োজন।

অভিযোগটি অনুসন্ধানকালে বিভিন্ন সূত্র হতে প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তি প্রফেসর ড. মোহাম্মদ ইউনূস বিভিন্ন দেশে যাওয়ার সূত্র ধরে বিভিন্ন কারণে কোটি কোটি টাকা বিদেশ থেকে ফরেন রেমিটেন্স এনেছেন, যার মধ্যে তিনি প্রায় ১৮ কোটি টাকা ফরেন রেমিটেন্স তার আয়কর ফাইলে প্রদর্শন না করে অন্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের হিসাবে স্থানান্তর করেন। গোপন সূত্রে জানা যায়, তিনি হুন্ডি করে অর্থ বাইরে নিয়ে পরে ব্যাংকিং চ্যানেলে ফরেন রেমিটেন্স এনেছেন এবং অবৈধ পন্থায় অর্থ স্থানান্তর করেন।

অভিযোগটির সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা একান্ত আবশ্যক।

(১) অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তি প্রফেসর ড. মোহাম্মদ ইউনূস আমেরিকা, ইউকে, পর্তুগাল, ওমান,স্পেন, চায়না ও জাপান হতে সংগৃহীত আয়ের উৎস সঠিক আছে কিনা বা এসব দেশে তার নামে ঐসব দেশে কোন ব্যাংক হিসাব রয়েছে কিনা বা ব্যাংকে অর্থ সঞ্চিত আছে কিনা, ঐসব দেশে তার নামে গাড়ী, বাড়ি, স্থাবর/অস্থাবর সম্পদ থাকলে তৎসংশ্লিষ্ট তথ্য সংগ্রহকরণ।

(২) সংযুক্তিতে বর্ণিত দেশে বর্ণিত সময়ে তিনি বর্ণিত প্রতিষ্ঠানে বক্তব্য/লেকচার প্রদান করেছিলেন কিনা বা ঐ দেশ/প্রতিষ্ঠান থেকে অর্থ প্রাপ্ত হয়েছেন কিনা (তা যাচাই প্রয়োজন), যা তিনি সাউথ ইস্ট ব্যাংকের মাধ্যমে দেশে রেমিটেন্স হিসেবে আনয়ন করেন।

এমতাবস্থায়, অভিযোগটির সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে বর্ণিত পদক্ষেপ গ্রহণ করত এতদ বিষয়ে একটি এ্যানালাইসিস প্রতিবেদনসহ সংযুক্তপত্রে বর্ণিত (মানিলন্ডারিং বিধি ৩০ উপ-বিধি (১) এর ফরম-৫ এর ছক মোতাবেক) ঐ ব্যক্তি নামে আমেরিকা, ইউ.কে, পর্তুগাল, ওমান, স্পেন, চায়না ও জাপান হতে সংগৃহীত আয়ের উৎস সঠিক আছে কিনা বা এসব দেশে তার নামে কোন ব্যাংক হিসাব, গাড়ী, বাড়ি, স্থাবর/অস্থাবর সম্পদ থাকলে তৎসংশ্লিষ্ট তথ্যাদি জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর নিকট সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: মোট ছয় পাতা।

মো: গুলশান আনোয়ার প্রধান
উপপরিচালক ও তদন্তকারী কর্মকর্তা

স্মারক নং ০০.০১.০০০০.৫০২.০১.০২৬.২২. তারিখ: ০৭/০২/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :
১। পরিচালক (বিঃ অনুঃ ও তদন্ত-২), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
২। অফিস নথি।

মো: গুলশান আনোয়ার প্রধান
উপপরিচালক ও তদন্তকারী কর্মকর্তা

ডঃ মুহাম্মদ ইউনূসের ব্যাক্তিগত ইনকাম ট্যাক্স ফাইল বিশ্লেষন

খাত / কর বছর	বিদেশ থেকে প্রাপ্ত রেমিট্যান্স	ইউনুস ট্রাস্টে প্রদান	ইউনুস ফ্যামিলি ট্রাস্টে প্রদান	মোট আয়	মোট খরচ	এফডিআর	প্রদত্ত কর	মোট পরিসম্পদ
২০২২-২৩	২,৫১,৫০,৬৮৪	-	-	৩,৫৩,৪৩,৩৪৪	৫০,২২,৩৯৫	১৭,২০,৭৮,৪০৩	২২,৪৬,৮৪৮	১৮,২০,২১,১৩৮
২০২১-২২	৭৭,৯৮,৭৭৩	-	-	১,৯৫,২৫,৩৫৩	৪৮,০৫,১১৪	১৪,৩১,৮৬,২২০	৩০,১৬,৯৭৪	১৫,১৭,০০,১৮৯
২০২০-২১	৪,০১,০০,৭০৮	-	-	৫,১৭,৫৯,৫৫৭	১,৫৭,৮৮,৮৬৬	১২,৬১,৭৬,১০৭	২৯,৭৫,১১১	১৩,৬৯,৭৯,৯৫১
২০১৯-২০	৩,৯৫,৯৫,৩১১	-	-	৪,৯৭,৫১,৭৭৪	১,২৪,৯০,০১০	৯,৭৯,০৯,৪৬৩	৩১,০৮,৮৮৭	১০,১০,০৯,২৬০
২০১৮-১৯	২,৮৮,৪১,৮৫১	-	-	৩,৩৯,৩০,৮৯৮	১,৪৪,১৭,২০৩	৫,৯৩,৬২,৮৮১	১২,৩০,৪০১	৬,৩৭,৪৭,৪৯৫
২০১৭-১৮	৪,৭৫,২৫,৯২০	-	-	৪,৯৪,৭২,৬৬০	২,৫৬,০৫,৪০৭	৩,৯৯,৯৩,৫৯৫	৩,০০,৭৫৫	৪,৪২,৩৩,৭৯৯
২০১৬-১৭	৩,৭০,৯৫,৭৫৩	-	-	৩,৭৮,৯১,২৮৩	২,৩৬,৭৮,৩৭১	১,৮২,৭২,৭০২	৫২,৫৩০	২,০৩,৬৬,৫৪৬
২০১৫-১৬	৪,১৫,৭৮,৭৯৭ (ওয়েজ আর্নার্স বোর্ড)	-	-	৪,২২,১১,৮১৬	৫,৪৩,৬৬,৫৮৪	১,৫২,২২,৬২৮	৪৫,৫০২	৬১,৫৩,৬৩৩
২০১৪-১৫	৫,১৬,৬১,৫৯৮	৩,৫০,০০,০০০	২০,০০,০০০	৫,১৯,৭৬,৫৯৮	৪,১২,৭৭,৬৬৩	-	১৫,০০০	১,৮৩,০৮,৪০০
২০১৩-১৪	৭,৯৮,৫৯,৫৪৪	৭,৫০,০০,০০০	১৫,০০,০০০	৮,০৪,০৩,০২১	৭,৯৮,৮৩,৯২৭	-	৩৩,৫২১	৭৬,১৪,৫০০
২০১২-১৩	৬,৫০,৬৬,৬৬৫	৮,২৫,০০,০০০	-	৭,৬০,৫৯,৩৪০	৯,৪৮,০৭,৬০৫	-	৮,৫৭,০৯৩	৭১,১৮,২০০
২০১১-১২	৪,৬৫,৩৬,৫৭২	৫৬,৫০,০০,০০০	৫,০২,০০,০০০	৯,৬৮,৯৪,৪৬৯	৬২,৮১,৯০,১৮২	১,৬৩,০১,৮৭৪	১,৩৬,১৮,২৬৮	২,৫৯,৪২,৬০৫
২০১০-১১	৬,৬০,৪৪,০৯২	৫,০০,০০,০০০	-	১২,৪৫,৪৪,২৫৩	৬,৫৬,১৮,১৪৯	৫৪,৫৩,২৩,৫৩৫	১,৩৭,২৯,২১৬	৫৫,৭৪,১৭,০৪১
২০০৯-১০	১৮,৯৯,২৮,৭৩১						৮৬,২৬,২৩৪	৪৯,৮৬,৩৬,৬৪২
২০০৮-০৯	১০,৪০,২৪,৮৩২							
২০০৭-০৮	৯,১৪,৫৮,৪৮৯							
২০০৬-০৭	৩৮,৮২,৯২৩							
২০০৫-০৬	৪৩,০৯,৯৪৬							

ডঃ মুহাম্মদ ইউনূসের ব্যাক্তিগত ইনকাম ট্যাক্স ফাইল বিশ্লেষন

গুরুত্বপূর্ণ তথ্যাদিঃ

১। ডঃ ইউনূস ২০১০-১১ থেকে ২০১৪-১৫ কর বৎসরে কর ফাঁকি দেয়ার জন্য ডঃ ইউনুস ট্রাস্টে ৮০ কোটি ৭৫ লক্ষ টাকা, ইউনুস ফ্যামিলি ট্রাস্টে ৫ কোটি ৩৭ লক্ষ টাকা ও ইউনূস সেন্টারে ৫ লক্ষ ৬৯ হাজার টাকা দান করেন। অর্থাৎ তার সে সময়ের প্রায় সমুদয় পরিসম্পদ তিনি দুটি ট্রাস্টে স্থানান্তর করেন। যদিও ডঃ ইউনুস ট্রাষ্ট এবং ইউনূস ফ্যামিলি ট্রাষ্টের অডিট রিপোর্টে উক্ত দানের অর্থকে ঋণ (লায়াবিলিটি) হিসেবে দেখানো হয়েছে।

২। কর দাবি মামলা দায়ের এর প্রেক্ষিতে ২০১৫-১৬ কর বৎসর হতে তিনি ট্রাস্টে অর্থ স্থানান্তর ব্যতিরেকে নিজের নামে পুনরায় এফডিআর করা শুরু করেন।

৩। ২০১৫-১৬ কর বৎসর পরবর্তী সময়ে তিনি প্রতিবছর বিদেশ ভ্রমণ খাতে বড় অঙ্কের টাকা খরচ দেখানো শুরু করেন যদিও তার পূর্ববর্তী বছর সমূহে তিনি এই খাতে কোন খরচ দেখান নি।

৪। ট্রাস্টে অর্থ স্থানান্তরের কারণে তার প্রদত্ত করের পরিমান ২০১২-১৩ কর বৎসর হতে উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে।

ডঃ মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে চলমান দানকর মামলা সংক্রান্ত অনুসন্ধান

১। ডঃ মোহাম্মদ ইউনূস তার ২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ আয়কর বর্ষে তার নিজস্ব পরিসম্পদ থেকে ৭২ কোটি ১৫ লক্ষ টাকা প্রফেসর ডঃ মোহাম্মদ ইউনূস ট্রাস্ট, ৫ কোটি ১৭ লক্ষ টাকা ইউনূস ফ্যামিলি ট্রাস্ট এবং ৫ লক্ষ ৬৯ হাজার টাকা ইউনূস সেন্টার অর্থাৎ সর্বমোট ৭৭ কোটি ৩৭ লক্ষ ৬৯ হাজার টাকা দান করেন।

২। কর আইন ১৯৯০ এর ৪ নং ধারা অনুযায়ী উক্ত দান আয়কর অব্যাহতি যোগ্য নয় বিধায় আয়কর কর্তৃপক্ষ ডঃ ইউনূসের সংশ্লিষ্ট তিন বছরের আয়কর রিটার্নের বিরুদ্ধে দান কর মামলা চালু করে ২৬/০১/২০১৪ সালে সর্বমোট ১৫ কোটি ৪১ লক্ষ ১৬ হাজার ৮০০ টাকা জরিমানা (কর দাবি) ধার্য্য করে।

৩। ডঃ মোহাম্মদ ইউনূস উক্ত জরিমানা আদেশের বিরুদ্ধে বিজ্ঞ আপীলাত যুগ্ম কর কমিশনার, আপীলাত রেঞ্জ-৩, কর অঞ্চল-২ এবং পরবর্তীতে আপীলাত ট্রাইবুন্যালে আপীল করেন। উভয় আদালতই ডঃ মোহাম্মদ ইউনূসের আপীল খারিজ করে জরিমানার রায় বহাল রাখেন।

৪। আইনানুগ বাধ্যবাধকতা অনুযায়ী ডঃ মোহাম্মদ ইউনূস ৩ কোটি ৬১ লক্ষ ৭০ হাজার ৪৪৮ টাকা জরিমানা (কর দাবি) প্রদানপূর্বক সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে তিন আয়কর বর্ষের জন্য পৃথক তিনটি রেফারেন্স দায়ের করেন যাদের নম্বর- ১০৮, ১০৯, ১১০/২০১৫, তারিখে ০৫/০৩/২০১৫।

৫। উক্ত রেফারেন্সের আলোকে মহামান্য হাইকোর্ট ১৪/০৯/২০১৫ তারিখে রেফারেন্স মামলা নিষ্পত্তি হবার পূর্ব পর্যন্ত জরিমানা তথা করদাবি আদায়ের উপর স্থগিতাদেশ প্রদান করেন। অদ্যবধি উক্ত রেফারেন্স মামলার কোন শুনানি অনুষ্ঠিত হয়নি বিধায় আয়কর কর্তৃপক্ষ ডঃ ইউনূসের নিকট হতে বকেয়া জরিমানা আদায় করতে পারেনি।

ডঃ মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে চলমান দানকর মামলা সংক্রান্ত অনুসন্ধান

মন্তব্য

১। কর কর্তৃপক্ষ কর্তৃক তিন কর বৎসরের জন্য দানকর মামলা দায়ের করা হলেও ডঃ ইউনূস কর্তৃক ২০১০-১১ কর বৎসরে দান করা ৫ কোটি এবং ২০১৪-১৫ সালে দান করা ৩ কোটি ৭০ লক্ষ টাকার বিপরীতে কোন মামলা দায়ের করা হয়নি।

২। উচ্চ আদালতে দায়েরকৃত রেফারেন্স মামলাসমূহের কার্যক্রম স্থবির অবস্থায় পড়ে ছিলো।

৩। গ্রামীণ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কর ফাঁকির বিষয়েও কর কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহন করলেও আদালতে মামলা দায়েরের মাধ্যমে সেগুলো স্থবির করে রাখা হয়েছে।

দুর্নীতি দমন কমিশন (গোপনীয়)
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা
[দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ ও দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ দ্রষ্টব্য

স্মারক নং০০.০১.০০০০.৫০২.০১.০২৬.২২. তারিখ: ২৮/১২/২০২২ খ্রি.

প্রাপক: উপকর কমিশনার
কর সার্কেল-২৮৭ (কোম্পানী), অঞ্চল-১৪,
ঠিকানা: ১২/১, বিজয়নগর, ঢাকা-১০০০।

বিষয় : অভিযোগ অনুসন্ধানের স্বার্থে রেকর্ডপত্র/তথ্যাদি সরবরাহকরণ প্রসঙ্গে।

সূত্র : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার নথি নং ০০.০১.০০০০.৫০২.০১.০২৬.২২;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত অভিযোগ বিষয়ে অনুসন্ধানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মো: গুলশান আনোয়ার প্রধান, উপপরিচালককে দলনেতা করে ৫ সদস্য বিশিষ্ট একটি অনুসন্ধান টিম গঠন করা হয়েছে।

অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ: গ্রামীণ টেলিকম কোম্পানির পরিচালনা পর্ষদের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ।

উল্লিখিত অভিযোগের সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে নিম্নবর্ণিত রেকর্ডপত্রাদি সংগ্রহপূর্বক পর্যালোচনা করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, চাহিত তথ্যাদি/রেকর্ডপত্রের ছায়ালিপি আগামী ০১/১/২০২৩ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশ প্রদানের মাধ্যমে অনুসন্ধানকাজে সহযোগিতা করার নিমিত্ত অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী, গোপনীয় এবং গুরুত্বপূর্ণ।

চাহিত রেকর্ডপত্রের বিবরণ:
(ক) গ্রামীন টেলিকম; (খ) গ্রামীন কল্যাণ; (গ) গ্রামীন টেলিকম ট্রাস্ট; (ঘ) গ্রামীন নীটওয়্যার; (ঙ) গ্রামীন শিক্ষা; (চ) গ্রামীন হেলথ কেয়ার সার্ভিস; (ছ) গ্রামীণ ফ্যাশন এন্ড ফেব্রিক্স --এই ০৭টি প্রতিষ্ঠান সম্পর্কে নিম্নবর্ণিত রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি-

(০১) উপরে উল্লিখিত ০৭টি প্রতিষ্ঠানের সকল আয়কর রিটার্নের কপি (শুরু থেকে বর্তমান পর্যন্ত) এবং বাৎসরিক কত টাকা ট্যাক্স দিচ্ছে তার ডকুমেন্ট।
(০২) উল্লিখিত ০৭টি প্রতিষ্ঠানে আয়কর বিভাগ থেকে অডিট করা হয়েছে কিনা? যদি অডিট করা হয়ে থাকে তবে সকল অডিট প্রতিবেদনের সত্যায়িত ছায়ালিপি।
(০৩) উল্লিখিত ০৭টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে আয়কর বিভাগের পক্ষ থেকে কোন মামলা করা হয়েছে কিনা? যদি মামলা করা হয়ে থাকে তবে--(ক) মামলা সম্পর্কিত সকল ডকুমেন্ট; (খ) মামলার রায়ের কপি; (গ) যদি মামলার আপিল হয়ে থাকে তবে আপিলের কপি ও আপিল সংক্রান্ত সমুদয় রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি।
(০৪) উল্লিখিত ০৭টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে আয়কর বিভাগ থেকে বর্তমানে কোন অনুসন্ধান চলমান আছে কিনা? যদি কোন অনুসন্ধান চলমান থাকে তবে তার আপডেট তথ্যাদি।
(০৫) অনুসন্ধান সংশ্লিষ্ট অন্য কোন রেকর্ডপত্র (যদি থাকে)।

(খ) প্রফেসর মোহাম্মদ ইউনুছ, প্রফেসর মোহাম্মদ ইউনুছ ট্রাস্ট, ইউনুছ ফ্যামিলি ট্রাস্ট: এই তিন প্রতিষ্ঠানের দানকর সংক্রান্ত রেকর্ডপত্রাদির ফটোকপি। এই তিনটি নথির পরিস্থিতি পত্র সংক্রান্ত রেকর্ডপত্রাদি।

২৮/১২/২০২২
মো: গুলশান আনোয়ার প্রধান
উপপরিচালক

স্মারক নং ০০.০১.০০০০.৫০২.০১.০২৬.২২. ৪৭৩৮৯/১(৩) তারিখ: ২৮/১২/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:
১। চেয়ারম্যান, রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। কমিশনার, কর অঞ্চল-১৪, ১২/১, বিজয়নগর, ঢাকা-১০০০।
৩। পরিচালক (বিশেষ অনু: ও তদন্ত-২) ও তদারককারী কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
৪। অফিস কপি।

২৮/১২/২০২২
মো: গুলশান আনোয়ার প্রধান
উপপরিচালক

৪। ডঃ মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে দুদকের চলমান অনুসন্ধানের হালনাগাদ তথ্যাদি।

ক।	ডঃ মুহাম্মদ ইউনূস এবং তার প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে দুদকের অনুসন্ধানের প্রেক্ষাপট।
খ।	গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদের লভ্যাংশ বিতরণে সংঘটিত অনিয়ম ও দূর্নীতি।
গ।	গ্রামীন ব্যাংক কর্তৃক ইউনূস সেন্টারকে ভবন ভাড়া দেয়া সংক্রান্ত অনিয়ম অনুসন্ধান।
ঘ।	দুদক কর্তৃক চলমান অনুসন্ধানের তালিকা।

ডঃ মুহাম্মদ ইউনূস এবং তার প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে দুদকের অনুসন্ধানের প্রেক্ষাপট।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদফতর হতে গত ১৪/০৭/২০২২ তারিখে ক) গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদেরলভ্যাংশ প্রদান সংক্রান্ত অনিয়ম এবং খ) গ্রামীণ টেলিকম হতে ২৯৭৭ কোটি টাকা বেআইনীভাবে স্থানান্তরের বিষয়টি তদন্ত করার জন্য দুদকে চিঠি প্রেরণ করা হয়।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা
পুরাতন শ্রম ভবন, ৪, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
www.dife.dhaka.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.২৬০০.০০০.১৮.০১২.২০.৮ তারিখ: ১৪ /০৭/ ২০২২খিঃ

বিষয়: গ্রামীণ টেলিকম কোম্পানীর শ্রমিক/কর্মচারীদের মধ্যে ২০১০ থেকে ২০২১-২০২২ অর্থবছরের নীট মুনাফার ৫% লভ্যাংশ বন্টনে অনিয়ম প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের উপমহাপরিদর্শক জনাব এ কে এম সালাউদ্দিন, শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মোঃ তরিকুল ইসলাম ও শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মোঃ শাহ্ আলম এর নিকট থেকে গ্রামীণ টেলিকম কোম্পানীর শ্রমিক/কর্মচারীদের মধ্যে ২০১০ থেকে ২০২১-২০২২ অর্থবছরের নীট মুনাফার ৫% লভ্যাংশ বন্টনে অনিয়ম সংক্রান্ত একটি প্রতিবেদন (**কপিসংযুক্ত: ক**) পাওয়া গিয়াছে।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এ কে এম সালাউদ্দিন
উপ -মহাপরিদর্শক
ফোন: ০২-৪১০৫০৪৮৫
ইমেইল: dig.dhaka@dife.gov.bd

মাননীয় চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন,
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ৪০.০১.২৬০০.০০০.১৮.০১২.২০.৮২/১(৩) তারিখ: ১৪ /০৭/ ২০২২খিঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২) মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন
৩) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০৪। মহাপরিদর্শক মহোদয়ের স্টাফ অফিসার, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
০৫। অফিস কপি।

এ কে এম সালাউদ্দিন
উপ -মহাপরিদর্শক



কোম্পানীর মুনাফায় শ্রমিকের অংশগ্রহণ তহবিলের বার্ষিক প্রতিবেদন যাচাই করে দেখা যায় কল্যাণ তহবিল ও শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এর টাকার পরিমান ৩৮৩,৯৪৯,৭৭০/-(আটত্রিশ কোটি উনচল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার সাতশত সত্তর) পরবর্তীতে গ্রামীণ টেলিকম কর্তৃক প্রেরিত ২৬/০৬/২০২২ ইং তারিখে জিটিসি/এমডিএস/২০২২-১১৬০ নং স্মারকের পত্রটি যাচাই করে প্রতিয়মান হয় যে, শ্রমিক/কর্মচারীদের কল্যাণ তহবিলে সুদসহ ৪৫৫,২১৩,৬৪৩/-(পয়তাল্লিশ কোটি বায়ান্ন লক্ষ তের হাজার ছয়শত তেতাল্লিশ) টাকা প্রদান করেছেন। কিন্তু শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে সুদসহ ৪৫৫,২১৩,৬৪৩/-(পয়তাল্লিশ কোটি বায়ান্ন লক্ষ তের হাজার ছয়শত তেতাল্লিশ) টাকা প্রদান করার কথা থাকলেও তা প্রদান করেন নাই। এখানেও দেশের স্বার্থ বিঘ্নিত হয়েছে বিধায় উক্ত বিষয়টি অনুসন্ধানের প্রয়োজন আছে বলে আমরা মনে করি।

কিন্তু বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী গ্রামীণ টেলিকম কোম্পানী নীট মুনাফার ৫% লভ্যাংশ ২০০৬ সাল থেকে শ্রমিক কর্মচারীদের প্রদান করার আইনি বাধ্যবাধকতা থাকলেও কোম্পানী কর্তৃপক্ষ ২০১০ সাল থেকে নীট মুনাফা ৫% লভ্যাংশ প্রদান করেছেন। এক্ষেত্রেও গ্রামীণ টেলিকম বাংলাদেশ শ্রম আইন, ২০০৬-এ ২৩৪ ধারার লংঘন ঘটিয়েছে এবং শ্রমিক কর্মচারীদের স্বার্থ ও দেশের স্বার্থের বিঘ্নিত হয়েছে। উক্ত বিষয়টিও আরো যথাযথ অনুসন্ধান বাঞ্চনীয় বলে মনে করি।

এছাড়াও গোয়েন্দা সংস্থার তথ্য মতে, গ্রামীণ টেলিকমের নিবন্ধিত শ্রমিক/কর্মচারী ইউনিয়ন কর্তৃক আইএলও মহাপরিচালক বরাবর মার্চ ১৭, ২০২২ ইং তারিখে মানবাধিকার ও শ্রম অধিকার ক্ষুন্ন হয়েছে মর্মে অভিযোগ দায়ের করেন। অভিযোগের ৯নং, ১০নং ও ১১নং ক্রমিক পর্যালোচনা করে দেখা যায় যে, গ্রামীণ টেলিকমের তহবিল থেকে ড. মুহাম্মদ ইউনুস কর্তৃক পরিচালিত অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানসমূহের ব্যাংক এ্যাকাউন্টে ২,৯৭৭/-(দুই হাজার নয়শত সাতাত্তর) কোটি টাকা স্থানান্তর করা হয়েছে। যা সন্দেহজনক লেনদেনের মাধ্যমে মানি লন্ডারিং হয়েছে বলে গ্রামীণ টেলিকমের নিবন্ধিত শ্রমিক/কর্মচারী ইউনিয়ন কর্তৃক অভিযোগে স্পষ্ট উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)। বিষয়টি অধিকতর অনুসন্ধান করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যায় বলে আমরা মনে করি।

অতএব, মহোদয়ের নিকট বিনীত নিবেদন এই যে, উপরি উল্লেখিত সকল বিষয়সমূহ আমলে নিয়ে যথাযথ অনুসন্ধান পুর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মাননীয় কমিশনের নিকট প্রার্থনা করছি।

বিনীত নিবেদক-

নং	নাম, পদবী ও কর্মস্থল	স্বাক্ষর
০১।	এ.কে. এম সালাউদ্দিন উপমহাপরিদর্শক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা।	
০২।	মো: তরিকুল ইসলাম শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা।	
০৩।	মো: শাহ্ আলম শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা।	

ডঃ মুহাম্মদ ইউনূস এবং তার প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে দুদকের অনুসন্ধানের প্রেক্ষাপট।

ক। গত ০৪/০৮/২০২১ তারিখে গ্রামীণ টেলিকম অবসায়ন মামলার (নং-২৭১/২০২১) চূড়ান্ত রায়ে বিচারপতি খুরশীদ আলম গ্রামীণ টেলিকমের লভ্যাংশ প্রদান এবং অর্থ পাচারের বিষয়টি যথাযথভাবে তদন্ত করার জন্য দুর্নীতি দমন কমিশনকে নির্দেশনা প্রদান করেন।

খ। বিচারপতি খুরশীল আলম প্রদত্ত গ্রামীণ টেলিকম অবসায়ন মামলার চূড়ান্ত রায় নিম্নরুপঃ

দুর্নীতি দমন কমিশনকে নিম্নক্ত বিষয়সমূহ তদন্তের নির্দেশনা প্রদান করা হলোঃ

১) ডঃ মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন গ্রামীণ টেলিকমের পরিচালনা পরিষদ গ্রামীণ টেলিকম হতে অন্য কোন ব্যক্তি কিংবা প্রতিষ্ঠানে অবৈধভাবে অর্থ স্থানান্তর করেছেন কিনা।

২) বর্ণিত মামলাটির মীমাংসার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইনজীবী ও ইউনিয়ন নেতাদের অর্থ প্রদানের ক্ষেত্রে আইনের ব্যত্যয় হয়েছে কিনা।



দশ টাকা বাংলাদেশ কোর্ট ফি

IN THE SUPREME COURT OF BANGLADESH
HIGH COURT DIVISION
(STATUTORY ORIGINAL JURISDICTION)

COMPANY MATTER NO. 271 OF 2021

IN THE MATTER OF :
An application under Section 241 read with Section 245 of the Companies Act, 1994
AND
IN THE MATTER OF
Grameen Telecom Sramik Karmachari Union ..... Petitioners

-VERSUS-

Grameen Telecom and others
.....Respondents

Mr. Ahsanul Karim, Senior Advocate with
Mr. Md. Yousuf Ali and
Mr. Gobinda Biswas, Advocates
.....For the Petitioner

Mr. Mustafizur Rahman Khan with
Mr. Mohammad Harun-ur-Rashid and
Ms. Sumaiya Ahmed, Advocates
.....for the Respondent No. 1

Mr. Mehedi Hasan Chowdhury
Additional Attorney General

The 04th August, 2022

Present:
Justice Muhammad Khurshid Alam Sarkar

At the instance of a group workers of the respondent No. 1-company, namely, "Grameen Telecom", an incorporated company under the Companies Act, 1994 (the Companies Act) on 22.11.2021, when this application under Section 241 read with Section 245 of the Companies Act for winding up of the said (Grameen Telecom) was filed to have a direction from this Court to pass an Order appointing a provisional liquidator (PL), this Court

ডঃ মুহাম্মদ ইউনূস এবং তার প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে দুদকের অনুসন্ধানের প্রেক্ষাপট।



পাঁচ টাকা বাংলাদেশ কোর্ট ফি

secondly, Board of Directors (Bod) led by Dr. Muhammad Younus has diversed a huge amount of money from Grameen Telecom to its other sister concerns in violation of the laws of the land, there must be an investigation to be carried out by the concerned authority i.e. the Anti Corruption Commission (ACC).

In reply thereto, the learned Advocate for the Grameen Telecom informs this Court that the ACC has already asked the Grameen Telecom to furnish its relevant documents with regard to its transaction from the date of its incorporation till date.

Given that since it was an allegation of the petitioners that a huge amount of money has been illegally transferred to the various accounts of some sister concerns of the Grameen Telecom (such as, in the account of Grameen Trust and Grameen Textiles), this Court finds it proper to direct the Anti Corruption Commission to do the needful for finding out the authenticity of the allegations made by the petitioners as to illegally diversions of the funds by the Grameen Telecom to the other companies and also with regard to the allegation made by the learned Additional Attorney General that money sent to the Trade Union Leaders and Lawyer's accounts were sent in violation of relevant provisions of Labour Act.

Accordingly, the ACC is directed to investigate into the following allegations: (1) whether the Board of Directors of the Grameen Telecom led by Dr. Muhammad Younus has illegally



পাঁচ টাকা বাংলাদেশ কোর্ট ফি

6

transferred the funds of Grameen Telecom to any individual or company, including the sisters concerns of the Grameen Telecom, namely, Grameen Trust and Grameen Textiles and (2) whether the money paid to the Advocates and the Trade Union Leaders in connection with the instant case was done in violation of any law of the land.

With the above observations and Directions, this case under Sections 241 and 245 of the Companies Act is finally disposed of.

Muhammad Khurshid Alam Sarkar

Composed by: Mahfujur Rahman

Read by:

Exam by:

১.সই মহরী নকলের দরখাস্তের তারিখ...১৫.৪.২২
২. অনুলিপির হিসাব নিবন্ধনের তারিখ...১৫.৪.২২
৩.কোর্ট ফি ট্যাম্প জমাদানের তারিখ...১৫.৪.২২
৪. নকল প্রস্তুত হওয়ার তারিখ...১৫.৪.২২
৫.নকল সরবরাহের তারিখ...১৬.০৪.২২

প্রত্যায়িত অবিকল প্রতিলিপি

সহকারী রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ
(১৮৭২ইং সনের ১নং আইনের ৭৬ ধারামতে ক্ষমতা প্রাপ্ত)

ডঃ মুহাম্মদ ইউনূস এবং তার প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে দুদকের অনুসন্ধানের প্রেক্ষাপট।

ডঃ মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীণ গ্রামীণ টেলিকমের পরিষদের অর্থ পাচারসহ অন্যান্য অনিয়ম ও দুর্নীতি তদন্তের জন্য দুদক ২৮/০৭/২০২২ তারিখে তিন সদস্যের একটি তদন্ত টিম গঠন করে। দুদকের তদন্ত কার্যক্রম চলমান রয়েছে।

BBC NEWS বাংলা

মূলপাতা ভিডিও

মুহাম্মদ ইউনূস: গ্রামীণ টেলিকমের প্রতিষ্ঠাতার বিরুদ্ধে যেসব অভিযোগে অনুসন্ধান শুরু করছে দুদক

২ অগাস্ট ২০২২



মুহাম্মদ ইউনূস ২০০৬ সালে শান্তিতে নোবেল পান।

গ্রামীণ ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক ড. মুহাম্মদ ইউনূসহ গ্রামীণ টেলিকমের পরিচালনা পর্ষদের চারজন সদস্যের বিরুদ্ধে আর্থিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগে অনুসন্ধান শুরু করতে তিন সদস্যের একটি টিম গঠন করেছে বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন।

প্রথম আলো

বুধবার, ০৫ এপ্রিল ২০২৩

সর্বশেষ বিশেষ সংবাদ রাজনীতি করোনাভাইরাস বাংলাদেশ বিশ্ব বাণিজ্য মতামত

বাংলাদেশ

গ্রামীণ টেলিকমের এমডিসহ চারজনকে দুদকে তলব

Syndication ঢাকা

প্রকাশ : ২২ আগস্ট ২০২২, ২০ : ৫৮

দুর্নীতি দমন কমিশন (দুদক)

অর্থ আত্মসাৎ ও অর্থ পাচারের অভিযোগে গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) নাজমুল ইসলামসহ চারজনকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। অন্য তিনজন হলেন গ্রামীণ টেলিকম শ্রমিক-কর্মচারী ইউনিয়নের প্রতিনিধি মো. মাইনুল ইসলাম, তাঁদের আইনজীবী মো. ইউসুফ আলী ও জাফরুল হাসান শরীফ। ২৫ আগস্ট দুদকে হাজির হয়ে তাঁদের বক্তব্য দিতে বলা হয়েছে।

দুদক সূত্র জানায়, গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক নাজমুল ইসলামসহ ৪ জনের বিরুদ্ধে প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারী কল্যাণ তহবিলের অর্থ আত্মসাৎ ও কোম্পানি থেকে ২ হাজার ৯৭৭ কোটি টাকা পাচারসংক্রান্ত অভিযোগের অনুসন্ধান চলছে। এর অংশ হিসেবে চারজনকে ডাকা হয়েছে।

গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদের লভ্যাংশ বিতরণে সংঘটিত অনিয়ম ও দূর্নীতি

- গ্রামীণ টেলিকমের শ্রমিক কর্মচারীদের WPPF এর লভ্যাংশ প্রদানের জন্য শ্রমিক-কর্মচারী ইউনিয়ন এবং গ্রামীণ টেলিকম কর্তৃপক্ষের মাঝে ২৭ এপ্রিল, ২০২২ সালে সর্বমোট ৪৩৭,০১,১২,৬২১/= (চারশত সাইত্রিশ কোটি এক লক্ষ ছয়শত একুশ) টাকা লভ্যাংশ প্রদানের নিমিত্তে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী লভ্যাংশ প্রদানের সমুদয় অর্থ শ্রমিক কর্মচারীদের প্রাপ্য হলেও ডঃ ইউনুসের নেতৃত্বাধীন গ্রামীণ টেলিকম পরিচালনা পরিষদের যোগশাযোশে উক্ত অর্থের ৬% হিসেবে সর্বমোট ২৬,২২,০৬,৭৮০/= (ছাব্বিশ কোটি বাইশ লক্ষ ছয় হাজার সাতশত আশি) টাকা গ্রামীণ টেলিকম শ্রমিক কর্মচারী ইউনিয়নের একাউন্টে প্রদান করা যা সম্পূর্ণ বেআইনী ও চুক্তি বহির্ভূতভাবে পরবর্তীতে তিন শ্রমিক ইউনিয়ন নেতা ও দুইজন আইনজীবী গ্রহন করেন। উপরন্তু ১৬৪ জন শ্রমিক-কর্মচারীর প্রকৃত প্রাপ্য লভ্যাংশের পরিমাণ ৪০৯,৬৯,২২,৭৮৯ (চারশত নয় কোটি উনসত্তর লক্ষ্য বাইশ হাজার সাতশত উনানব্বই) টাকা হিসাব করা হলেও প্রাপ্য লভ্যাংশের অতিরিক্ত প্রায় ২৭ কোটি টাকা সেটেলমেন্ট একাউন্টে তছরুপের উদ্দেশ্যে স্থানান্তর করা হয়।
- উল্লেখ্য, লভ্যাংশ প্রদানের জন্য বরাদ্দকৃত অর্থ আত্মসাতের অভিযগে শ্রমিক ইউনিয়নের অর্থ সম্পাদক মোঃ আক্তারুজ্জামান ঢাকা মিরপুর মডেল থানায় গত ০৪/০৭/২০২২ তারিখ একটি মামলা দায়ের করেন যার নম্বর-১৩/৪৫০। ডিবি পুলিশ গত ০৫/০৭/২০২২ তারিখে বর্ণিত মামলার আসামী শ্রমিক ইউনিয়নের সভাপতি কামরুজ্জামান, সাঃ সম্পাদক মোঃ ফিরোজ মাহমুদ হাসান ও ২৪/০৮/২০২২ তারিখে সহ-সভাপতি মোঃ মাইনুল ইসলামকে গ্রেফতার করেছে।
- **মন্তব্যঃ** **দুদকের অনুসন্ধানে অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় ডঃ মুহাম্মদ ইউনুসকে এক নম্বর আসামী করে মামলা দায়ের এর প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।**

গ্রামীন ব্যাংক কর্তৃক ইউনূস সেন্টারকে ভবন ভাড়া দেয়া সংক্রান্ত অনিয়ম

- ২০০৮ সালে গ্রামীণ ব্যাংক ভবনের (ঠিকানাঃ মিরপুর-২, ঢাকা-১২১৬) ১৬ তলায় ১১,০০০ বর্গফুট ফ্লোর স্পেস বাৎসরিক মাত্র ১০০০ টাকায় ডঃ ইউনূসের ব্যক্তিগত প্রতিষ্ঠান 'ইউনূস সেন্টার'-কে ২৪ বছরের জন্য লিজ প্রদান করে নোবেল লরিয়েট ট্রাস্ট নামক একটি প্রতিষ্ঠান। ৩ আগস্ট, ২০০৮ সালে সম্পাদিত লিজ চুক্তিতে ইউনূস সেন্টারের পক্ষ স্বাক্ষর করেন ডঃ ইউনুস এবং নোবেল লরিয়েট ট্রাস্টের পক্ষ স্বাক্ষর করেন জনৈক তবারক হোসেন। উক্ত অসম চুক্তির মাধ্যমে গ্রামীণ ব্যাংক আর্থিকভাবে প্রায় ৬ কোটি ৭৬ লক্ষ টাকা ক্ষতিগ্রস্থ হয়েছে বলে গ্রামীণ ব্যাংক সূত্রে জানা যায়।
- **মন্তব্যঃ** **দুদকের অনুসন্ধানে অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় ডঃ মুহাম্মদ ইউনুসকে এক নম্বর আসামী করে মামলা দায়ের এর প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।**

দুদক কর্তৃক চলমান অনুসন্ধানের তালিকা।

১।	**ডঃ মুহাম্মদ ইউনুসের ব্যক্তিগত আয়কর ফাঁকি সংক্রান্ত দুর্নীতি**	ডঃ মুহাম্মদ ইউনূসের আয়কর নথিতে কর ফাঁকির উদ্দেশ্যে বিদেশ থেকে আনা রেমিটেন্স ব্যক্তিগত ও পারিবারিক ট্রাস্টে স্থানান্তর, অসংগতিপূর্ণ ও অসম্পূর্ণ তথ্য সম্বলিত আয়কর দাখিল, অস্বাভাবিক খরচ দেখানোসহ বিবিধ অনিয়ম হয়েছে বলে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে।	বিস্তারিত নথিপত্র সংগ্রহপূর্বক দুদক কর্তৃক অনুসন্ধান চলমান রয়েছে। ডঃ ইউনুসের সম্পদ অনুসন্ধানে দুদক বিএফআইইউ এর মাধ্যমে সাতটি দেশে চিঠি প্রেরণ করেছে।
২।	**নির্ধারিত সময়ের অতিরিক্ত গ্রামীণ ব্যাংকের এমডি থাকা এবং এমডি থাকাকালীন ক্ষমতার অপব্যবহার সংক্রান্ত দুর্নীতি**	ডঃ মুহাম্মদ ইউনূস বিধিবহির্ভূতভাবে প্রায় দশবছর গ্রামীণ ব্যাংকের এমডি পদের থাকার মাধ্যমে গ্রামীণ ব্যাংক হতে ৫২ লক্ষ ৮৩ হাজার ৭০৪ টাকার আর্থিক সুবিধাসহ অনান্য সুবিধাদি গ্রহন করেছেন। এছাড়াও গ্রামীণ ব্যাংক এমডি থাকাকালীন তিনি গ্রামীণ ব্যাংকের স্বার্থহানী হয় এমন বিভিন্ন সিদ্ধান্ত গ্রহন করেছেন।	দুদকের অনুসন্ধানে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গিয়েছে। বিস্তারিত প্রমাণ প্রাপ্তি সাপেক্ষে মামলা দায়েরের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
৩।	**গ্রামীণ নীটওয়্যার লিঃ এবং গ্রামীণ ফেব্রিকস লিঃ এর আর্থিক অনিয়ম এবং সম্ভাব্য মানি লন্ডারিং সংক্রান্ত দুর্নীতি**	উক্ত প্রতিষ্ঠান দুটি গ্রামীণ টেলিকম ট্রাস্ট ও গ্রামীণ টেলিকমের অর্থায়নে গঠিত। গ্রামীণ টেলিকম ট্রাস্ট ও গ্রামীণ টেলিকম হতে গ্রামীণ নীটওয়্যার লিঃ এবং গ্রামীণ ফেব্রিকস লিঃ এ ইকুইটি শেয়ার ও ঋণ বাবদ যথাক্রমে ২৯১ কোটি ও ৯০ কোটি টাকা প্রদান করা হয়েছে। এতো বিপুল বিনিয়োগ সত্ত্বেও প্রতিষ্ঠান দুটিকে অদ্যবধি লোকসানী প্রতিষ্ঠান হিসেবে দেখানো হচ্ছে। শুধুমাত্র ২০১৮-১৯ গ্রামীণ নীটওয়্যার এর লোকসান দেখানো হয়েছে ১৫৫ কোটি টাকা। একই ভাবে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ সালে গ্রামীণ ফেব্রিকসের লোকসান দেখানো হয়েছে ৭০ কোটি টাকা। উক্ত প্রতিষ্ঠান দুটির মাধ্যমে গ্রামীণ টেলিকমের অর্থ অন্যত্র স্থানান্তরের প্রাথমিক তথ্য পাওয়া গিয়েছে।	দুদক কর্তৃক অনুসন্ধান কার্যক্রম চলমান রয়েছে।
৪।	**গ্রামীণ পরিবারের বিভিন্ন প্রতিষ্ঠানের নামে জমি ক্রয় সংক্রান্ত সম্ভাব্য দুর্নীতি**	গ্রামীণ টেলিকম ট্রাস্টসহ গ্রামীণ পরিবারের বিভিন্ন প্রতিষ্ঠানের নামে দেশের বিভিন্ন স্থানে প্রায় ১৬২০ কোটি টাকার জমি ক্রয় করা হয়েছে। শুধু মাত্র গ্রামীণ টেলিকম ট্রাস্টের নামেই কেনা হয়েছে ১৫৩৩ কোটি টাকার জমি। উক্ত জমি ক্রয়ের ক্ষেত্রে কমিশন বাণিজ্যের নামে অতিরিক্ত প্রদান, জমির শ্রেণী পরিবর্তন ইত্যাদি অনিয়ম সংঘটিত হবার সম্ভাবনা রয়েছে।	দুদক কর্তৃক অনুসন্ধান কার্যক্রম চলমান রয়েছে।

৫। ডঃ মুহাম্মদ ইউনূস ও তার প্রতিষ্ঠানসমূহের আয়কর মামলা সংক্রান্ত তথ্যাদি।

ক।	ডঃ ইউনুস ও তার প্রতিষ্ঠানসমূহের আয়কর মামলা সংক্রান্ত তথ্যাদি
খ।	ডঃ ইউনূস ও তার প্রতিষ্ঠান সমূহের বিরুদ্ধে চলমান আয়কর মামলার তালিকা
গ।	গুরুত্বপূর্ণ আয়কর মামলা সংক্রান্ত তথ্যাদি

ডঃ ইউনুস ও তার প্রতিষ্ঠানসমূহের আয়কর মামলা সংক্রান্ত তথ্যাদি

- ডঃ মুহাম্মদ ইউনুস এবং তার বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর অঞ্চল-১৪ এর মোট কর দাবির পরিমাণ ১১১১,০৭,৪৯,১১২/- (এক হাজার একশত এগারো কোটি সাত লক্ষ ঊনপঞ্চাশ হাজার একশত বার) টাকা। অর্থাৎ ডঃ ইউনূস তার ও তার প্রতিষ্ঠানসমূহ সম্মিলিতভাবে উল্লেখিত অংকের কর ফাঁকি দিয়েছেন।
- উক্ত কর আদায়ের প্রক্রিয়া দীর্ঘায়িত ও বাঁধাগ্রস্ত করার হীন উদ্দেশ্য নিয়ে ডঃ ইউনূস এবং তার প্রতিষ্ঠানসমূহ অদ্যবধি উচ্চ আদালতে ৯টি রীট মামলা এবং ২৯টি রেফারেন্স মামলা (সর্বমোট ৩৮ টি মামলা) দায়ের করেছে।
- উচ্চ আদালতের নির্দেশে মামলাসমূহের কার্যক্রম স্থগিতাবস্থায় থাকায় কর অঞ্চল-১৪ রাজস্ব আদায়ে ব্যর্থ হচ্ছে।

ডঃ ইউনূস ও তার প্রতিষ্ঠান সমূহের বিরুদ্ধে চলমান আয়কর মামলার তালিকা

রীট মামলা						
ক্রঃ	ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম	বিবাদী	সংখ্যা	আয়কর ফাঁকির পরিমাণ	তারিখ	মন্তব্য
১।	গ্রামীণ কল্যাণ	জাতীয় রাজস্ব বোর্ড	৬	৬৭১,১১,৭৬,৩২২/-	১৪/০১/২০১৮	০৯/০৪/২০২৩ পর্যন্ত স্থগিতাদেশ রয়েছে।
২।	গ্রামীণ টেলিকম ট্রাস্ট	কর কমিশনার, কর অঞ্চল-১৪	২	২০৯,৯৮,৫৭,৭৩৮/-	২০২০	২৯/০৮/২০২৩ পর্যন্ত স্থগিতাদেশ রয়েছে।
৩।	গ্রামীণ শক্তি	অর্থ মন্ত্রণালয়	১	৫৭,২৫,১৯০/	১২/১০/২০২০	-
৪।	গ্রামীণ টেলিকম	জাতীয় রাজস্ব বোর্ড	১	০	০৩/১২/২০১৮	অডিট কার্যক্রমের জন্য প্রেরিত নোটিশের বিরুদ্ধে দায়েরকৃত। নিষ্পত্তি হয়নি।
		মোট	৯	৮৮১,৬৭,৫৯,২৫০/-		
রেফারেন্স মামলা						
৫।	ডঃ মুহাম্মদ ইউনূস	কর কমিশনার, কর অঞ্চল-১৪	৩	১২,৪৬,৭২,৬০৮/-	১৪/০৯/২০১৫	মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিতাদেশ রয়েছে।
৬।	গ্রামীণ কল্যাণ	কর কমিশনার, কর অঞ্চল-১৪	২	১৫৯,৬৭,৯৫,৩২৬/-	২৪/১১/২০২০, ২১/০৩/২০২১	-
৭।	গ্রামীণ টেলিকম	কর কমিশনার, কর অঞ্চল-১৪	১	৩০,০০,৩৬৭/-	১২/১১/২০২০	-
৮।	গ্রামীণ ট্রাষ্ট	কর কমিশনার, কর অঞ্চল-১৪	৩	১,০৭,২২,৬৪৪/-	১৩/০১/২০০৯, ০৭/০৮/২০১১	
৯।	গ্রামীণ কৃষি ফাউন্ডেশন	কর কমিশনার, কর অঞ্চল-১৪	৪	৩,৫২,২৩,০৯৭/-	২৩/০৫/২০০৬, ২৮/১১/২০০৬	
১০।	গ্রামীণ উদ্যোগ	কর কমিশনার, কর অঞ্চল-১৪	১	৬৩,২৬,২৭০/-	০২/০৪/২০০৭	-
১১।	গ্রামীণ মৎস ও পশুসম্পদ ফাউন্ডেশন	কর কমিশনার, কর অঞ্চল-১৪	৪	১,৮২,১৮,৭৬৩/-	২০/১১/২০০৮, ২৫/০৯/২০১৬, ০২/০২/২০২২, ১৪/০৩/২০২২	-
১২।	গ্রামীণ সামগ্রী	কর কমিশনার, কর অঞ্চল-১৪	১	৭,৪২,২৭৪/-	৩১/০১/২০০৮	-
১৩।	গ্রামীণ ডানোন ফুডস লিঃ	কর কমিশনার, কর অঞ্চল-১৪	১	১৪,২৩০/-	২৭/০৬/২০১১	-
১৪।	গ্রামীণ বাইটেক লিঃ	কর কমিশনার, কর অঞ্চল-১৪	১	৮,১৮,৪৬৭/-	১৫/০৬/২০১১	-
১৫।	গ্রামীণ শক্তি	কর কমিশনার, কর অঞ্চল-১৪	৬	৪৭,৮৫,৭২,৩০৮/-	২৭/০৭/২০১৬, ৩০/০১/২০১৭, ০৪/০৭/২০১৭, ০৬/১১/২০১৯, ৪/১২/২০১৯	-
১৬।	গ্রামীণ হেলথকেয়ার সার্ভিসেস লিঃ	কর কমিশনার, কর অঞ্চল-১৪	১	১৯,৭৩,৯৮৫/-	৩০/০৭/২০১৭	-
১৭।	গ্রামীণ ভেউলিয়া ওয়াটার লিঃ	কর কমিশনার, কর অঞ্চল-১৪	১	১,৬৯,০৯,৫২৩/-	১৯/০৫/২০১৬	
		মোট	২৯	২২৯,৩৯,৮৯,৮৬২/-		

রিট ও রেফারেন্স মামলার সর্বমোট সংখ্যাঃ ৩৮

জড়িত আয়কর ফাঁকির পরিমাণঃ ১,১১১,০৭,৪৯,১১২/ (এক হাজার একশত এগারো কোটি সাত লক্ষ ঊনপঞ্চাশ হাজার একশত বার টাকা)

গুরুত্বপূর্ণ আয়কর মামলা সংক্রান্ত তথ্যাদি

ক্রঃ	ব্যক্তির নাম	রেফারেন্স মামলার নম্বর ও করবর্ষ	মামলা দায়ের এর তারিখ	জড়িত রাজস্ব	মোট মামলা সংখ্যা ও জড়িত রাজস্ব	মন্তব্য
১।	ডঃ মুহাম্মদ ইউনূস	১০৯/২০১৫ ২০১১-২০১২	১৪/০৯/২০১৫	৯,৯৫,২৮,৫৮৮/-	মোট মামলাঃ **০৩টি** মোট জড়িত রাজস্বঃ **১২,৪৬,৭২,৬০৮/-** (বার কোটি ছেচল্লিশ লক্ষ বাহাত্তর হাজার ছয়শত আট)	মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিতাদেশ প্রদান করা হয়েছে। **এনএসআই এর উদ্যোগে বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম এবং বিচারপতি সরকার মুহাম্মদ জাহাঙ্গীর আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ১২ নং বেঞ্চে ৫/৪/২০২৩ তারিখ শুনানীর কার্যক্রম শুরু হয়েছে।**
		১০৯/২০১৫ ২০১১-২০১২	১৪/০৯/২০১৫	১,২৯,৭৭,০১০/-		
		১০৯/২০১৫ ২০১১-২০১২	১৪/০৯/২০১৫	১,২১,৬৭,০১০/-		

ক্রঃ	ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম	রীট মামলার নম্বর ও করবর্ষ	মামলা দায়ের এর তারিখ	জড়িত রাজস্ব	মোট মামলা সংখ্যা ও জড়িত রাজস্ব	মন্তব্য
২।	গ্রামীণ কল্যাণ	১৪২৬৩/২০১৭ ২০১১-২০১২	১৪/০১/২০১৮	৪,২০,২৩,৫৯২/-	মোট মামলাঃ **০৬ টি** মোট জড়িত রাজস্বঃ **৬৭১,১১,৭৬,৩২২/-** (ছয়শত একাত্তর কোটি এগারো লক্ষ ছিয়াত্তর হাজার তিনশত বাইশ)	০৯/০৪/২০২৩ পর্যন্ত স্থগিতাদেশ রয়েছে। **এনএসআই এর উদ্যোগে বিচারপতি ফারাহ মাহবুব এবং বিচারপতি মুহাম্মদ মাহবুবুল ইসলামের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ১৩ নং বেঞ্চে ৩/৪/২০২৩ তারিখ শুনানীর জন্য গৃহীত হয়েছে। কার্যক্রম শুরু হয়েছে।**
		১৭৭২৭/২০১৭ ২০১২-২০১৩	১৪/০১/২০১৮	১৮৯,২৫,২৫,৪৬৬/-		
		১৭৭২৭/২০১৭ ২০১৩-২০১৪	১৪/০১/২০১৮	১৩২,৭৭,৪৬,০১২/-		
		১৭৭২৭/২০১৭ ২০১৪-২০১৫	১৪/০১/২০১৮	১১৪,০২,৮২,৫৭৪/-		
		১৭৭২৭/২০১৭ ২০১৫-২০১৬	১৪/০১/২০১৮	১১৫,২২,৯৬,৬২৫/-		
		১৭৭২৭/২০১৭ ২০১৬-২০১৭	১৪/০১/২০১৮	১১৫,৬৩,০১,৬৯৩/-		
৩।	গ্রামীণ টেলিকম ট্রাস্ট	৮৭৩৩/২০২০ ২০১১-২০১২	-	১৭,৬২,৬৩,৭৭৯/-	মোট মামলাঃ **০২ টি** মোট জড়িত রাজস্বঃ **২০৯,৯৮,৫৭,৭৩৮/-** (দুইশত নয় কোটি আটানব্বই লক্ষ সাতান্ন হাজার সাতশত আটত্রিশ)	২৯/০৮/২০২৩ পর্যন্ত স্থগিতাদেশ রয়েছে। **এনএসআই এর উদ্যোগে বিচারপতি ফারাহ মাহবুব এবং বিচারপতি মুহাম্মদ মাহবুবুল ইসলামের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ১৩ নং বেঞ্চে ৩/৪/২০২৩ তারিখ শুনানীর জন্য গৃহীত হয়েছে। কার্যক্রম শুরু হয়েছে।**
		৮৭৩৩/২০২০ ২০১২-২০১৩	-	১৯২,৩৫,৯৩,৯৫৯/-		

সার্বিক মন্তব্য ও সুপারিশ

- দুদক ইতোমধ্যে দুইটি অভিযোগে ডঃ মুহাম্মদ ইউনূস ও তার সহযোগীদের বিরুদ্ধে মামলা দায়ের এর প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেছে।
- ডঃ ইউনূস এবং তার প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে দায়েরকৃত কর মামলা এবং উচ্চ আদালতের রিট পিটিশন ও রেফারেন্স মামলা সমূহ দ্রুত নিষ্পত্তি সাপেক্ষে কর দাবি আদায়ের ব্যবস্থা গ্রহনের বিষয়ে উদ্যোগ গ্রহন করা হয়েছে।
- ডঃ মুহাম্মন ইউনূসের ব্যক্তিগত ট্যাক্স ফাইলের অপ্রদর্শিত অর্থের বিষয়ে প্রমাণাদি সংগ্রহ পূর্বক মামলা দায়েরের সুপারিশ করা হয়েছে।
- ডঃ মুহাম্মদ ইউনূসের প্রতিষ্ঠানসমূহের সাথে গ্রামীন ব্যাংকের আর্থিক সংশ্লিষ্টতা বিশ্লেষনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে গ্রামীন ব্যাংকের ন্যায্য অধিকার আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ করা যেতে পারে।
- গ্রামীণ নীটওয়্যার এবং গ্রামীন ফেব্রিক্স এন্ড ফ্যাশনে সংঘটিত সম্ভাব্য আর্থিক অনিয়মের বিষয়ে প্রমাণাদি সংগ্রহপূর্বক মামলা দায়েরের বিষয়ে সুপারিশ করা হয়েছে।
- ডঃ মুহাম্মদ ইউনূসের বিষয়ে সাম্প্রতিক চিঠির প্রেক্ষিতে ডঃ ইউনূস ও তার প্রতিষ্ঠানসমূহের অনিয়ম এবং দুর্নীতির বিরুদ্ধে গণমাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা করা যেতে পারে।